

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং -৪৬.০৪২.০৩৩.০১.০০.১৪৫:২০১১(১).৪৩০৪

তারিখঃ

১৮ অগ্রহায়ন ১৪২২ বঙ্গাব্দ  
২ ডিসেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ


বিষয় : জেলা পরিষদের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে অডিটরিয়াম কাম মাস্টিপারপাস হল নির্মাণের অবস্থা পর্যালোচনা ও ভবিষ্যৎ করণীয় সম্পর্কে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের মাধ্যমে জেলা পর্যায়ে ১০০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাস্টিপারপাস হল এবং উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদের জন্য ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাস্টিপারপাস হল নির্মাণের অবস্থা পর্যালোচনা ও ভবিষ্যৎ করণীয় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে গত ২২ নভেম্বর ২০১৫ তারিখে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় ঢাকা জেলা পরিষদের মাধ্যমে মিরপুরে নির্মিত সৈয়দ নজরুল কনভেনশন সেন্টার পরিচালনা সংক্রান্ত সিদ্ধান্ত নিম্নরূপ :

‘ঢাকা জেলা পরিষদের মাধ্যমে মিরপুরে নির্মিত ২০০০ আসন বিশিষ্ট সৈয়দ নজরুল কনভেনশন সেন্টার কি ভাবে পরিচালিত হচ্ছে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা এ বিষয়ে জরুরীভিত্তিতে একটি স্বয়ং সম্পূর্ণ প্রতিবেদন দাখিল করবেন’।

২। এমতাবস্থায়, সভার সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা জেলা পরিষদের মাধ্যমে নির্মিত সৈয়দ নজরুল কনভেনশন সেন্টার সম্পর্কিত প্রতিবেদন জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৬৮৫৫৭

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ঢাকা।

অনুলিপি :

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রশাসক, জেলা পরিষদ, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।